নতুন ইউনিট স্থাপন করবে হাইডেলবার্গ সিমেন্ট

উৎপাদন সক্ষমতা বাড়াতে কারখানা সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিমিটেড। নারায়ণগঞ্জের কাঁচপুরে বিদ্যমান প্লান্টের সঙ্গে একটি নতুন গ্রিডিং মিল স্থাপনের মাধ্যমে উৎপাদন সক্ষমতা প্রায় দেড় গুণে উন্নীত করবে কোম্পানিটি। নতুন কারখানা স্থাপনে প্রায় ৯৩ কোটি টাকা বিনিয়োগের কথা জানিয়েছে হাইডেলবার্গ সিমেন্ট।গতকাল স্টক এক্সচেঞ্জে দেয়া তথ্যে কোম্পানিটি জানিয়েছে, বিদ্যমান উৎপাদন সক্ষমতা বাড়াতে নতুন গ্রিডিং মিল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে হাইডেলবার্গ সিমেন্টের পরিচালনা পর্ষদ। কাঁচপুর প্লাটে নতুন গ্রিডিং মিলটি স্থাপিত হলে কোম্পানির উৎপাদন সক্ষমতায় নতুন করে ৪ লাখ ৭২ হাজার টন পিসিসি সিমেন্ট যোগ হবে। বিদ্যমান কারখানায় বছরে ১০ লাখ ৭৫ হাজার টন সিমেন্ট উৎপাদন করতে পারছে কোম্পানিটি। এ প্রকল্প বাস্তবায়নে হাইডেলবার্গ সিমেন্টের ব্যয় হবে ৯২ কোটি ৫২ লাখ ৯৯ হাজার টাকা। সম্পূর্ণ অর্থায়ন কোম্পানির নিজস্ব ফান্ড থেকে নির্বাহ করা হবে বলে জানিয়েছে হাইডেলবার্গ সিমেন্ট। তবে নতুন প্রকল্পের সময়সীমা জানায়নি কোম্পানিটি।http://bonikbarta.net

চার বছরে প্রস্তাবনাতেই আটকে রয়েছে বিসিকের দ্বিতীয় প্রকল্প

রংপুরে বেনারসি শিল্পের উন্নয়ন, প্রসার ও কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১০-১১ অর্থবছরে একটি প্রকল্প গ্রহণ করে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) স্থানীয় কার্যালয়। তিন বছর মেয়াদি এ প্রকল্প শেষ হয় ২০১৩-১৪ অর্থবছরে। পরবর্তীতে কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে দ্বিতীয় দফায় একটি প্রকল্পের উদ্যোগ নেয়া হলেও আজ পর্যন্ত তা আলোর মুখ দেখেনি। রংপুর বিসিক কর্তৃপক্ষ দ্বিতীয় প্রকল্পটি চালুর লক্ষ্যে ২০১৩ সালে ৬ কোটি ৯৮ হাজার টাকার ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোফাইল (ডিপিপি) প্রধান কার্যালয়ে পাঠালেও এখন পর্যন্ত কাজ শুরু হয়নি।http://bonikbarta.net

মধুমতি ব্যাংকে মানি লন্ডারিং নিয়ে কর্মশালা

মধুমতি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে সম্প্রতি ‘মানি লন্ডারিং প্রতিরোধ, সন্ত্রাসবিরোধী অর্থায়ন ও বাণিজ্যভিত্তিক মানি লন্ডারিং’ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করেন মধুমতি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সফিউল আজম। এ সময় প্রধান পরিপালন কর্মকর্তা শেখ তালিবুর রহমান, উপপ্রধান পরিপালন কর্মকর্তা জাভেদ খানসহ ব্যাংকের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

দ্রুত বর্ধনশীল অর্থনীতির তকমা হারানোর পথে ভারত

কালো টাকা ও দুর্নীতি ঠেকাতে গত বছরের ৮ নভেম্বর বাজার থেকে ৫০০ ও ১ হাজার রুপির নোট প্রত্যাহারের ঘোষণা দেয় ভারত সরকার। এর ফলে ভারতে প্রচলিত অর্থের ৮৬ শতাংশই বাজার থেকে উঠে যায়। সবচেয়ে বড় মূল্যমানের দুটি নোট বাজার থেকে উঠিয়ে নেয়ায় অসহনীয় হয়ে ওঠে তারল্য সংকট। অন্যদিকে চলতি বছরের জুলাই থেকে একক কর ব্যবস্থা গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (জিএসটি) চালু করে ভারত। এ-যাবত্কালের মধ্যে দেশটির আর্থিক খাতে এটিই সবচেয়ে বড় সংস্কার। নোট বাতিল এবং জিএসটি, অর্থনীতিতে এ ধরনের বড় দুটি সংস্কারের কারণে ভারতের জিডিপি শ্লথ হয়ে পড়বে বলে পূর্বাভাস দিয়েছে বিশ্বব্যাংক (ডব্লিউবি) ও আন্তর্জাতিক মুদ্রা তহবিল

(আইএমএফ)। অথচ সাম্প্রতিক প্রতিবেদনে গোটা বিশ্বের প্রবৃদ্ধি পূর্বাভাস বাড়িয়েছে আইএমএফ। এ অবস্থায় আশঙ্কা করা হচ্ছে, ভারত দ্রুত বর্ধনশীল অর্থনীতির তকমা হারাতে যাচ্ছে কিনা। খবর পিটিআই ও বিজনেস স্ট্যান্ডার্ড।http://bonikbarta.net

ব্যয়সংকোচনের বিরুদ্ধে ফ্রান্সজুড়ে বিক্ষোভ

বেতন-ভাতা আটকে দেয়ার সঙ্গে কর্মী ছাঁটাইয়ের মাধ্যমে ব্যয়সংকোচন কর্মসূচি হাতে নিয়েছেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাখোঁ। সরকারের এ পরিকল্পনার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে দেশটির সরকারি খাতের দুই লাখের বেশি কর্মী গতকাল রাস্তায় অবস্থান নেয়। খবর এএফপি।ফ্রান্সের ৫৪ লাখ সরকারি কর্মীদের প্রতিনিধি হিসেবে নয়টি শ্রমিক সংগঠন যৌথ আন্দোলনের ডাক দিয়েছে। এর মাধ্যমে তারা বোঝাতে চাচ্ছে, দেশের সুবিশাল সরকারি খাত রূপান্তরে প্রেসিডেন্টের নেয়া পরিকল্পনার পুরোপুরি বিপরীতে অবস্থান নিয়েছে তারা। এ নিয়ে সেপ্টেম্বরের পর থেকে চতুর্থবারের মতো বিক্ষোভ চলছে ফ্রান্সে। দেশটির ইউরোপীয় মিত্র ও বিনিয়োগকারীরা এ বিষয়ে সরকারের প্রতিক্রিয়া নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।http://bonikbarta.net

আমদানি কমায় হিলিতে পেঁয়াজের দাম আরো বেড়েছে

ভারতে চলতি মাসের শেষ থেকে শুরু হবে নতুন খরিফ মৌসুমের পেঁয়াজ সরবরাহ। এর আগে মৌসুমের শেষে এসে দেশটির বাজারে পণ্যটির সরবরাহ কমেছে। ফলে ভারত থেকে দেশে পেঁয়াজ আমদানিও কমেছে। এর জের ধরে চলতি মাসের শুরু থেকে দিনাজপুরের হিলি স্থলবন্দরে পণ্যটির দামে উর্ধ্বমুখী প্রবণতা বজায় রয়েছে। চারদিনের ব্যবধানে আমদানি করা পেঁয়াজের দাম কেজিপ্রতি আরো ৮ টাকা বেড়েছে। দুই সপ্তাহের বেশি সময়ের ব্যবধানে পণ্যটির দাম বেড়েছে কেজিতে ১৫-১৬ টাকা। হিলি স্থলবন্দর কার্যালয়ের তথ্য অনুযায়ী, সাধারণত এ স্থলবন্দর দিয়ে প্রতিদিন ৪০-৫০ ট্রাক পেঁয়াজ আমদানি হলেও বর্তমানে এর সংখ্যা ২০-২৫ ট্রাকে নেমে এসেছে।http://bonikbarta.net

সাত শতাংশের বেশি প্রবৃদ্ধির পূর্বাভাস দিলো আইএমএফ

বাংলাদেশের মোট দেশজ উত্পাদনের (জিডিপি) প্রবৃদ্ধি সাত শতাংশ ছাড়ানোর পূর্বাভাস দিলো আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সংস্থাটি আশা করছে, চলতি বছর প্রবৃদ্ধি হতে পারে ৭ দশমিক ১ শতাংশ। যা আগামী দুই বছর সাতের ঘরেই থাকবে বলে আশা করা হয়েছে। সম্প্রতি বিশ্বব্যাংক তাদের পূর্ভাবাস প্রতিবেদনে প্রবৃদ্ধি ৬ দশমিক ৪ এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) তাদের পূর্বাভাস প্রতিবেদনে ৬ দশমিক ৯ শতাংশের পূর্বাভাস দিয়েছে। সেদিক থেকে আইএমএফ-এর পূর্বাভাস বিশ্বব্যাংক ও এডিবির চেয়ে বেশি।http://www.ittefaq.com.bd

২০২৪ সালের মধ্যেই বাংলাদেশ দারিদ্র্য দূরীকরণে সাফল্য অর্জন করবে

নিউইয়র্কে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বিষয়ক আন্তর্জাতিক এক সেমিনারে যুক্তরাষ্ট্র সফররত অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত দৃঢ় আশা প্রকাশ করেছেন, ২০২৪ সালের মধ্যেই বাংলাদেশ দারিদ্র্য দূরীকরণে সাফল্য অর্জর করবে। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশের সাফল্যের কথা তুলে ধরে অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশ সামগ্রিক অর্থনীতির ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি নিরবিচ্ছন্ন নীতিমালা প্রণয়ন করতে পেরেছে। যার ফলে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধি সাম্প্রতিক বছরগুলোতে ধারাবাহিকভাবে ৬ ভাগের ওপরে রয়েছে।http://www.ittefaq.com.bd